অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো কনস্যুলেট ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলিতে অভিবাসী পরিষেবা দেওয়ার কথা ঘোষণা করেছেন

নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস (Northern Manhattan Coalition for Immigrant Rights, NMCIR) এর সহযোগিতায় লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট (Liberty Defense Project, LDP) দুর্বল অভিবাসীদের প্রয়োজনে কনস্যুলেট ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলিতে আবশ্যিক পরিষেবাগুলি প্রদান করবে

নিউ ইয়র্ক সিটির কনস্যুলেট এবং ধর্মীয় প্রতিষ্ঠানগুলিতে বিনামুল্যে আইনি পরিষেবা, অভিবাসীদের জন্য ক্লিনিক, আপনার-অধিকার-জানুন সেমিনার এবং অন্যান্য অভিবাসী পরিষেবা প্রদান করতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি নতুন কর্মসূচির কথা ঘোষণা করেছেন। গভর্নরের লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট এবং নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস এর মধ্যে এই যুগান্তকারী অংশীদারীত্ব দেশের মধ্যে এই প্রথম এবং সেটি দুর্বলতম অভিবাসীদের কাছে পৌঁছাবে যারা হয়ত কোনওভাবেই এই পরিষেবাগুলির কাছে পৌঁছাতে পারত না।

"যখন যুক্তরাষ্ট্রীয় প্রশাসন তার নীতি এরকম ভাবে পরিবর্তন করছে যাতে অভিবাসীদের এখানে আসাটা আরও কঠিন হয়ে যায়, সেখানে নিউ ইয়র্ক স্টেট স্বীকার করছে যে বৈচিত্র্যই হল আমাদের আসল শক্তি এবং আমাদের অর্থনৈতিক এবং সাংস্কৃতিক উভয় স্বার্থের জন্যই ঐ ঐতিহ্য রক্ষা করতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা একটি অভিবাসীদের দেশ হওয়া স্বত্তেও অনেক অভিবাসী পরিবারকে অন্যায়ভাবে লক্ষীভূত এবং নিপীড়ন করা হয়, এবং এই নতুন কর্মসূচি আমাদের কিছু দুর্বলতম নিউ ইয়র্ক বাসীদের তাদের প্রয়োজনীয় একটি নিরাপদ এবং সহায়ক অবকাশের জন্য আইনি সহায়তা পাওয়ার সুযোগ করে দেবে।"

"দ্যা লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট নিউ ইয়র্কে অভিবাসীদের, তাদের অধিকার এবং সুরক্ষা নিশ্চিত করতে তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলি প্রদান করছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই সংস্থানগুলি যাতে নিউ ইয়র্ক স্টেটের আমাদের দুর্বলতম অভিবাসীদের কাছে পৌঁছে দেওয়া যায় তা নিশ্চিত করতে নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস (Northern Manhattan Coalition for Immigrant Rights) এর সাথে এই অংশীদারীত্ব, নিউ ইয়র্ক সিটির কনস্যুলেট ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলিতে এই পরিষেবাগুলি প্রদান করবে।"

বহু অভিবাসী যুক্তরাষ্ট্রীয় প্রশাসনের নীতি দ্বারা নিপীড়িত হয়েছেন, অসাধু নিয়োগকারী, বিবেকহীন আইনজীবী এবং/অথবা আইনজীবীর ভেকধারী ব্যক্তি, সেইসাথে অন্যরাও অভিবাসীদের বিভিন্নভাবে

ক্ষতিসাধন করেছে। ফলস্বরূপ, এই নিউ ইয়র্ক বাসীদের যখন অবিলম্বে বিনামূল্যের বিশেষজ্ঞ আইনি সহায়তা প্রয়োজন, তারা তখন নিজের থেকে এই পরিষেবাগুলির কাছে যেতে ভয় পান। এই পরিবার ও ব্যক্তিবর্গ প্রায়শই তাদের চার্চ, মসজিদ, সিনাগগ এবং বৌদ্ধ মন্দির, সেইসাথে তাদের স্বদেশের নিউ ইয়র্ক ভিত্তিক কনস্যুলেটগুলির নিরাপদ আশ্রয়স্থলে আশ্রয় এবং পরামর্শ চায়। এই কমিউনিটিগুলিকে একটি নিরাপদ এবং সহায়ক পরিবেশে রাখতে, এই জায়গাগুলিতে সরাসরি পরিষেবাগুলি প্রদান করতে গভর্নর কুওমোর লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট, নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস (NMCIR) এর সাথে যোগদান করছে।

যুগ যুগ ধরে, NMCIR নর্দার্ন ম্যানহাটন, ব্রনক্স, ওয়েষ্টচেস্টার কাউন্টি, ব্রুকলিন এবং কুইন্সে অভিবাসী কমিউনিটিগুলিকে পরিষেবা প্রদান করে আসছে। NMCIR বেশিরভাগ নিম্ন-আয়ের অভিবাসীদের পরিষেবা দিয়ে থাকে এবং নিরাপদ স্থান হিসাবে বিবেচিত প্রতিষ্ঠানগুলির সাথে সম্পর্ক স্থাপন করেছে। যুগ্ম LDP এবং NMCIR সেফ হেভেন প্রোগ্রাম (Safe Haven Program) নিউ ইয়র্ক সিটির যে মানুষজনের কাছে পৌঁছানো কঠিন তাদেরকে বিশ্বস্ত আইনি প্রতিনিধিত্বতে প্রবেশাধিকার প্রদান করে এই উদ্যোগকে সম্প্রসারিত করেছে।

কনস্যুলেটসমূহ

নিউ ইয়র্ক সিটি বিশ্বের বিভিন্ন দেশের 100টিরও বেশি কনস্যুলেটের আবাস, যা 4.4 মিলিয়ন বিদেশে জন্ম নেওয়া নিউ ইয়র্কবাসীদের পরিষেবা প্রদান করে। পাসপোর্টের নবীকরণ এবং একটি অভিবাসনের আবেদন সম্পূর্ণ করতে নথিপত্র সহ, পরিষেবা প্রার্থী অভিবাসীদের জন্য এই কেন্দ্রগুলি নিরাপদ আশ্রয়স্থল। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকানস (Office for New Americans, ONA) এর তথ্য অনুযায়ী, বিদেশে জন্ম নেওয়া নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীদের সবথেকে বেশি দশটি উৎস দেশ হল:

- ডোমিনিকান রিপাবলিক
- চীন
- জামাইকা
- মেক্সিকো
- ইকুয়েডর
- গায়ানা
- ভারতবর্ষ
- হাইতি
- এল সালভাডর
- কলোম্বিয়া

সেফ হেভেন প্রোগ্রামের মাধ্যমে, যে কোনও দুর্বল অভাবী অভিবাসী, উপরে তালিকাবদ্ধ সেরা দশটি উৎস দেশের থেকে যারা এসেছেন তারা সহ, যাতে একটি নিরাপদ আশ্রয়ে আইনি পরিষেবাগুলিতে পৌঁছাতে পারে তা নিশ্চিত করতে LDP ও NMCIR কাজ করবে।

কনস্যুলেটগুলিতে, সেফ হেভেন প্রোগ্রাম অন্তর্ভুক্ত করবে:

- **আইনজীবী কর্মীদের দ্বারা আলাদা আলাদা ভাবে অভিবাসন পরামর্শ:** NMCIR এর বিশেষজ্ঞ কর্মী আইনজীবী এবং আধা আইনি কর্মী কেন্দ্রে সূচিত আইনি পরামর্শ এবং অন্যান্য পরিষেবা প্রদান করবেন।
- **দেশের নাগরিক এবং কনস্যুলেট কর্মী উভয়ের জন্যই কনস্যুলেটগুলিতে আপনার-অধিকার-জানুন এবং প্রশিক্ষকদের-প্রশিক্ষিত-করুন ওয়ার্কশপ:** ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) আপনার বাড়িতে আসলে কিভাবে প্রশ্নের উত্তর দেবেন, কিভাবে একটি আর্থিক এবং পরিবার পরিকল্পনা গড়ে তুলবেন এবং কিভাবে নিজেকে প্রতারক *নোটারি/*আইনজীবীদের থেকে বাঁচাবেন, তার উপর NMCIR ওয়ার্কশপ করবে।
- **বিনামূল্যে আইনি সহায়তা এবং/অথবা প্রতিনিধিত্ব চাওয়া অভিবাসীদের জন্য NMCIR এবং অন্য অফিস ফর নিউ আমেরিকান অংশীদারদের কাছে একটি রেফারেল কর্মসূচি:** যে সকল নাগরিকদের অভিবাসন সম্পর্কিত প্রয়োজনীয়তা আছে তাদের কার্যকরভাবে রেফার করার জন্য NMCIR সমন্বয় সাধন করবে এবং প্রশিক্ষণ ও উপকরণ প্রদান করবে।

ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ

চার্চ, মসজিদ, সিনাগগ, বৌদ্ধ মন্দির সহ নিউ ইয়র্ক সিটি শতাধিক বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের পীঠভূমি যা তাদের অভিবাসীদের জন্য একটি নিরাপদ আশ্রয়স্থল হিসাবে কাজ করে। সেফ হেভেন কর্মসূচিটি এই সংস্থাগুলির সাথে অংশীদারীত্ব তৈরি করবে এবং তাদের প্রতিষ্ঠানগুলিতে নিম্নলিখিত পরিষেবাগুলি প্রদান করবে:

- **আইনি পরিষেবাগুলিতে সাধারণ রেফারেল পোগ্রামসমূহ:** যে সকল কমিউনিটি সদস্যদের অভিবাসন-সম্পর্কিত প্রয়োজনীতা আছে তাদের কিভাবে সবথেকে ভালোভাবে রেফার করা যায়, সেফ হেভেন কর্মসূচিটি সেই সম্পর্কে প্রশিক্ষণ এবং উপকরণের সমন্বয় সাধন করে।
- **সারাদিন-ব্যাপী অভিবাসন স্ক্রিনিং ক্লিনিকস:** সহায়তা প্রয়োজন এমন বিপুল সংখ্যক অভিবাসীদের কাছে পৌঁছাতে NMCIR ধর্মীয় প্রতিষ্ঠানগুলিতে অন সাইট অভিবাসন স্ক্রিনিং ক্লিনিকগুলির আয়োজন করবে।
- **সীমানায় বিচ্ছিন্ন হয়ে যাওয়া পরিবারগুলিকে পুনরায় একত্রিত করতে কর্মরত ধর্মীয় প্রতিষ্ঠানগুলির জন্য আইনি প্রতিনিধিত্ব:** অনেক ধর্মীয় প্রতিষ্ঠান অভিবাসীদের অধিকারগুলি পেতে সহায়তা করার ক্ষেত্রে ইতিমধ্যে সক্রিয় আছে এবং পরিবারগুলিকে পুনরায় একত্রিত করতে সহায়তা করার জন্য এগিয়ে এসেছে। এই প্রতিষ্ঠানগুলি যখন আইনি প্রয়োজন আছে এমন পরিবারগুলিকে সনাক্ত করে, LDP এবং NMCIR আইনি প্রতিনিধিত্ব প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অফ স্টেট রোজানা রোসাডো, যিনি লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট এবং দ্যা অফিস ফর নিউ আমেরিকানসের, তত্ত্বাবধান করেন, তিনি বলেছেন, "অভিবাসীরা জানেন যে তারা কনস্যুলেট এবং ধর্মস্থানে আশ্রয় ও সহায়তা চাইতে পারেন। সেই কারণে আমরা এই প্রতিষ্ঠানগুলির সাথে কাজ করছি যাতে এই দুর্বল পরিবার এবং ব্যক্তিবর্গ উপলভ্য সর্বোত্তম আইনি

পরিষেবাগুলির কাছে পৌঁছাতে পারেন। গভর্নর কুওমো যেমন সুস্পষ্ট করে দিয়েছেন: অভিবাসীদের নিউ ইয়র্কে সফল হতে আমরা সহায়তা করতে চাই। নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস এর দক্ষতার মাধ্যমে, আমরা এখন নিরাপদ এবং অভিগম্য স্থানে যাদের এটি প্রয়োজন সেটি তাদের কাছে পৌঁছে দিতে সক্ষম।"

আলবা ভিলা, এক্সিকিউটিভ ডিরেক্টর অফ নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্রেশন রাইটস, বলেছেন, "অভিবাসী কমিউনিটিগুলির নিরাপদ আশ্রয়স্থল হিসাবে বিবেচিত সংস্থাগুলির সাথে ঘনিষ্ঠ বন্ধনের জন্য NMCIR এর বিপুল সংখ্যক জনগণের কাছে পৌঁছাবার কঠোর পরিশ্রমের ইতিহাস আছে। এই বিষয়ে আমাদের সম্প্রসারণের অনুমতি দেবে বলে আমরা সেফ হেভেন প্রোগ্রামের কাছে কৃতজ্ঞ, যা যে সকল নাগরিকদের কাছে পৌঁছানো কঠিন তাদের কাছে পৌঁছাবার পথ দেখাবে যা কনস্যুলেট এবং ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের মতো উপায়ের মাধ্যমে বিশ্বস্ত আইনি প্রতিনিধিত্ব চাওয়া যাবে।"

সিনেটর লুইস সেপুলভেডা বলেন, "নিউ ইয়র্কে আমরা আন্তরিকভাবে অভিবাসীদের স্বাগত জানাই এবং তাদের মূল্যবোধ এবং বিবিধ সংস্কৃতি সাগ্রহে গ্রহণ করি। নতুন সেফ হেভেন কর্মসূচিটি নিউ ইয়র্কবাসীদের শুধুমাত্র তাদের প্রয়োজনীয় আইনি সহায়তাই প্রদান করবে না, এটি তাদের একটি নিরাপদ স্থানও প্রদান করবে যেখানে তারা আশ্রয় ও সহায়তা চাইতে পারবে। আমাদের এই মহান স্টেটে বহু সংখ্যক অভিবাসীদের প্রকৃত স্বদেশের অনুভূতি প্রদান করতে সহায়তাকারী গভর্নর কুওমোর এই গুরুত্বপূর্ণ উদ্যোগকে আমি ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্যা মারিতজা দেভিলা, পুয়ের্তো রিকান/হিস্পানিক টাস্ক ফোর্স (Puerto Rican/Hispanic Task Force) এর সভাপতি, বলেছেন, "দ্যা লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট বহু অভিবাসী পরিবারদের প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় আইনি পরিষেবাগুলি পেতে এবং একসাথে বাড়িতে বসবাস করতে ইতিমধ্যে সহায়তা করছে। সেফ হেভেন কর্মসূচিটি তৈরি করতে এই যুগান্তকারী অংশীদারীত্ব আমাদের সবথেকে দুর্বল অভিবাসীদের নিউ ইয়র্কে নিরাপদ বোধ করা নিশ্চিত করতে এবং স্বাগত জানাতে এই সফল প্রচেষ্টাগুলিকে প্রসারিত করবে। নিউ ইয়র্ক যাতে একটি আশার আলো থাকে এবং সবাইকে আপন করে নেয় তা নিশ্চিত করতে গভর্নর কুওমোর নিরলস প্রচেষ্টার আমি প্রশংসা করি।"

অ্যাসেমব্লী সদস্য ভিক্টর পিকার্ডো, নিউ আমেরিকানসের টাস্ক ফোর্সের সভাপতি, বলেছেন, "ব্রনক্সে আমার অনেক প্রতিবেশীদের মতো নিউ ইয়র্কের অভিবাসীদের স্বাগত জানানোর এবং সুরক্ষিত রাখার একটি দীর্ঘ ইতিহাস আছে। এখন, নতুন সেফ হেভেন কর্মসূচির মাধ্যমে, আমরা আগের থেকেও অনেক বেশি দুর্বল কমিউনিটিগুলির কাছে পৌঁছাতে পারছি এবং নিশ্চিত করতে পারছি যে বাড়িতে থাকার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি তাদের আছে। এই যে অংশীদারীত্ব যা এম্পায়ার স্টেটে বহু সংখ্যক অভিবাসী পরিবারদের জীবনকে পরিবর্তন করবে তার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

কার্লস ক্যাস্টিলো, নিউ ইয়র্কে ডোমিনিকান রিপাবলিকের জেনারেল কনসাল, বলেছেন "আমাদের নাগরিক, এবং আপামর অভিবাসী কমিউনিটির সুবিধার জন্য নিরাপদ ও সুরক্ষিত

আশ্রয়স্থলের মধ্যে বিনামূল্যে আইনি সহায়তা এবং সমর্থন প্রদান করতে, আমাদের কমিউনিটির একটি মূল্যবান প্রতিষ্ঠান, NMCIR এবং গভর্নর কুওমোর অফিসের মধ্যে অশীদারীত্বটিকে ডোমিনিকান রিপাবলিকের কনস্যুলেট জেনারেল স্বাগত জানায়।"

লিজা ব্রায়ান স্মার্ট, জামাইকার ভারপ্রাপ্ত কনসাল জেনারেল, বলেছেন "নিউ ইয়র্কে আমাদের অভিবাসী কমিউনিটি যে সকল প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তার সহায়ক সৃজনশীল সমাধান খুঁজে বের করতে আমরা আগ্রহী বলে নিউ ইয়র্কে জামাইকা কনস্যুলেট, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট এবং নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্রেশন রাইটসের মধ্যে অংশীদারীত্ব সম্পর্কে আরও কিছু শোনার আশা রাখে। আমাদের অসহায় কমিউনিটিগুলিকে শক্তিশালী করে তুলতে হলে এরকম অংশীদারীত্ব অত্যন্ত জরুরি যা সমস্ত অংশীদারদের উপকার করবে।"

কার্লস গেরারডো ইঙ্গো, মেক্সিকো কনস্যুলেট জেনারেলের সরকারি বিষয়ক কনসাল, বলেছেন, "নিউ ইয়র্কে, আমাদের কমিউনিটির বাড়তে থাকা চাহিদাগুলি পূরণ করতে, নিউ ইয়র্কে মেক্সিকোর কনস্যুলেট জেনারেল, এই অঞ্চলে বসবাসকারী মেক্সিকানদের কল্যাণ সুরক্ষিত করার দৃঢ় আদেশ মেনে স্টেট এবং সিটি কর্তৃপক্ষদের সাথে আমাদের বন্ধন আরও দৃঢ় করা অব্যাহত রাখবে। আমরা গভর্নর কুওমোর দৃঢ় প্রতিজ্ঞা এবং দৃষ্টান্তমূলক দায়বদ্ধতা স্বীকার করি যা নিউ ইয়র্ক সিটিতে কনস্যুলেট ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলিতে, অভিবাসীদের, যাদের মধ্যে অনেকে মেক্সিকান বংশোদ্ভূত, বিনামূল্যে আইনি পরিষেবা, অভিবাসন ক্লিনিক, আপনার-অধিকারগুলি-জানুন সেমিনার এবং অন্যান্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করেছে।"

সংস্থাগুলির সাথে সমস্ত চুক্তি পর্যালোচনা এবং অফিস অফ দ্যা স্টেট কম্পট্রোলারের (Office of the State Comptroller) অনুমোদন সাপেক্ষ।

অফিস অব নিউ আমেরিকানস এবং লিবার্টি ডিফেন্স প্রজেক্টের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকানস স্থাপিত হয়েছিল পাঁচ বছর আগে এবং এটি ছিল দেশের প্রথম স্ট্যাচুটোরিলি ভাবে স্থাপিত অভিবাসন সেবা অফিস। পুরো স্টেটে ONA এর সুযোগ কেন্দ্র রয়েছে যা নিউ ইয়র্কের নতুন আমেরিকানদের আইনি সেবা, উদ্যোগে সহায়তা প্রদান করার জন্য বিভিন্ন কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয়। এই সাইটগুলি হল অভিবাসীদের আপন করে নেওয়ার জন্য এবং তাদের স্টেটে প্রয়োজনীয় সবকিছু প্রদানের জন্য কমিউনিটির কেন্দ্রবিন্দু।

2017 সালে গভর্নর কুওমো প্রথম লিবার্টি ডিফেন্স প্রজেক্ট শুরু করেন যা ছিল দেশের প্রথম স্টেটের নেতৃত্বাধীন সরকারি-বেসরকারি প্রকল্প অভিবাসীদের আইনি সেবা প্রদানের জন্য। প্রকল্পটির প্রশাসনিক দায়িত্বে আছে ONA এবং এটি আইন ফার্ম, আইন সহায়ক, অ্যাডভোকেসি প্রতিষ্ঠান, প্রধান প্রধান কলেজ ও বিশ্ববিদ্যালয় এবং বার অ্যাসোসিয়েশনের সাথে অংশীদারিত্বে। LDP প্রদান করবেঃ

- নিউ ইয়র্ক স্টেটজুড়ে অভিবাসীদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ ও স্ক্রিনিং।
- ডিপোর্টেশন প্রক্রিয়ায় এবং অন্যান্য মামলায় সরাসরি অভিবাসীদের প্রতিনিধিত্ব করা।

- অন্যান্য অভিবাসন সংক্রান্ত আইনি সেবা, বিশেষ করে জটিল ব্যাপারে সহায়তা করা।
- অভিবাসী এবং কমিউনিটির জন্য আপনার অধিকার জানুন (Know Your Rights) প্রশিক্ষণ।

যদি কোনো অভিবাসীর বিনামূল্যে আইনি সহায়তা প্রয়োজন হয় তাহলে তাদের নতুন আমেরিকানদের হটলাইন 1-800-566-7636 এ ফোন করতে বলা হচ্ছে। ফোনকলের সব তথ্য গোপনীয়। 200 টির বেশি ভাষায় সাহায্য পাওয়া যাবে।

নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস সম্পর্কে

নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্ট রাইটস অভিবাসন-সংক্রান্ত আইনি পরিষেবা, শিক্ষা এবং তত্ত্বাবধান প্রদান করে শুধুমাত্র পরিবারগুলিকে একসাথে রাখার দৃষ্টি নিবদ্ধ রেখে সবথেকে পুরাতন পরিষেবা প্রদানকারী সংস্থা। গত দশ বছর ধরে, NMCIR এর আওতাভুক্ত অঞ্চল ওয়েষ্টচেস্টার কাউন্টি, ব্রুকলিন এবং কুইন্সকে অন্তর্ভুক্ত করতে প্রসারিত হয়েছে।

1982 সাল থেকে, 200,000 এরও বেশি গ্রাহককে NMCIR পরিষেবা দিয়েছে। বেশিরভাগ বিশ্বের বিভিন্ন দেশের নিম্ন-আয়ের অভিবাসী। অভিবাসী কমিউনিটিগুলির নিরাপদ আশ্রয়স্থল হিসাবে বিবেচিত সংস্থাগুলির সাথে ঘনিষ্ঠ বন্ধনের জন্য বিপুল সংখ্যক জনগণের কাছে পৌঁছাবার কঠোর পরিশ্রমের জন্য NMCIR সুদক্ষ। আমাদের পরিষেবা দেওয়া গ্রাহকদের প্রায় 90% যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার 200% সীমাতে বা তার নিচে আছেন। আমাদের গ্রাহকদের মধ্যে 50% এর একটু বেশি কর্মরত। আমাদের কর্মরত মহিলাদের বেশিরভাগ গৃহ-স্বাস্থ্য সহায়ক, আয়া এবং রেস্তোরাঁর কর্মী হিসাবে কাজ করেন, যাদের বার্ষিক বেতন 15,000 ডলার থেকে 20,000 ডলার। কর্মরত পুরুষ গ্রাহকেরা প্রধানত রেস্তোরাঁ কর্মী, ক্যাব চালক, বিল্ডিং সুপারিন্টেন্ডেন্ট, নির্মাণ কর্মী, এবং ক্ষুদ্র ব্যবসার মালিক (উদ্যোক্তা) যাদের বার্ষিক বেতন 20,000 ডলার থেকে 25,000 ডলারের মধ্যে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন